# রোগীদের জন্য একটি ধাপ ভিত্তিক ব্যবহারবিধি নির্দেশিকা




# TRURAPI® ▼

পূর্বে-ভরাটকৃত ইনসুলিন অ্যাসপার্ট 100 ইউনিট/মিলি

আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে আপনার Trurapi® পেনের সাথে আসা "রোগীর ব্যবহারের নির্দেশাবলী" লিফলেটটিও পড়ুন

এই বুকলেটটি ডায়াবেটিসে আক্রান্ত প্রাপ্তবয়স্কদের জন্য যাদেরকে Trurapi® দেয়া হয়েছে।

SANOFI

# সূচিপত্র


Trurapi® কী? 3

আপনার Trurapi® SoloSTAR® পেন 4

Trurapi® SoloSTAR® পেন ব্যবহারের প্রস্তুতি 5

আপনার Trurapi® SoloSTAR® পেন কিভাবে ব্যবহার করবেন 6

কোথায় ইনজেক্ট করবেন 11

আপনার Trurapi® SoloSTAR® পেন সংরক্ষণ 13

আপনার Trurapi® SoloSTAR® পেনের যত্ন 14

এই বিশয়ে জিজ্ঞাসিত প্রশ্নাবলী (FAQs) Trurapi® 15


এই বুকলেটটি Trurapi® ব্যবহারে আপনাকে সহায়তা করার জন্য তৈরি করা হয়েছে।
এটি সম্পূর্ণরূপে আপনার ডাক্তার বা নার্সের পরামর্শের সহায়ক হিসেবে কাজ করার জন্য এবং রোগী বিষয়ক তথ্যের পুস্তিকার বিকল্প নয়, সুতরাং অনুগ্রহ করে এই বুকলেটটির পাশাপাশি সেই লিফলেটটি পড়ুন।




## এই নির্দেশিকাটি আপনাকে আপনার Trurapi® এর ব্যবহার শুরু করতে সহায়তা করার জন্য তথ্য প্রদান করবে।

# Trurapi® সম্পর্কে

আপনার জন্য Trurapi® দেয়া হয়েছে। Trurapi® আপনাকে খাওয়ার সময় আপনার রক্তের সুগার লেভেল নিয়ন্ত্রণ করতে সাহায্য করবে।

এটি ইনজেক্ট করার 10-20 মিনিট পরে Trurapi® আপনার রক্তের সুগার কমিয়ে আনতে শুরু করবে এবং এর কার্যকারিতা ইনজেক্ট করার পরে 3-5 ঘন্টা পর্যন্ত স্থায়ী হয়। এই স্বল্প মেয়াদী কার্যকারীতার কারণে, Trurapi® সাধারণত অন্য মধ্য বা দীর্ঘ-মেয়াদী ইনসুলিন ঔষধের সাথে একত্রে নেয়া উচিত।

আপনি কিভাবে আপনার Trurapi® গ্রহণ করবেন তা আপনার ডাক্তার বা নার্স আপনাকে জানাবেন। তাদের নির্দেশাবলী অনুসরণ করুন, আপনার ইনসুলিন নিয়ে কোনো সমস্যা হলে সহায়তা চাইতে কুণ্ঠিত হবেন না।

আপনার ডাক্তার বা নার্সের নির্দেশনা অনুসারে খাবারের আগে Trurapi® গ্রহণ করা উচিত।

Trurapi® SoloSTAR® একটি পূর্বে-ভরাটকৃত ব্যবহার শেষে ফেলে দেয়ার যোগ্য (Disposable) ইনসুলিন পেন। আপনার Trurapi® ব্যবহারের পূর্বে, পেনটির সম্পর্কে জেনে নেয়া ভালো।


# আপনার ইনসুলিন Trurapi® SoloSTAR® পেন

## পেনের প্রাথমিক তথ্য

- আপনার ডোজকে 1 ইউনিট হিসেবে বাড়িয়ে সমন্বয় করার সুযোগ দেয়
- প্রতি ইঞ্জেকশনে সর্বোচ্চ 80 ইউনিট পর্যন্ত প্রদান করে
- প্রতিটি নতুন পেনে মোট 300 ইউনিট ইনসুলিন থাকে
- প্রতিটি নতুন পেন একবার খোলার পরে 4 সপ্তাহ পর্যন্ত ব্যবহার করা যাবে

আপনার ডাক্তার বা নার্স আপনাকে আপনার জন্য সঠিক ডোজ খুঁজে পেতে সহায়তা করবে।

**Trurapi® SoloSTAR® পেনের মূল অংশগুলোর পরিচিতি।**




*আপনি কয়েক ডোজ ইনজেক্ট না করা পর্যন্ত প্লাঞ্জার দেখতে পাবেন না।

## ডোজ উইন্ডো কিভাবে পড়তে হয়

**জোড় সংখ্যা:** ডোজ ইন্ডিকেটরের সোজাসুজি প্রদর্শিত হয়




**বিজোড় সংখ্যা:** জোড় সংখ্যার মাঝখানে একটি লাইন হিসেবে প্রদর্শিত হয়




# Trurapi® SoloSTAR®
# পেন ব্যবহারের প্রস্তুতি

**প্রতিটি ইঞ্জেকশন দেওয়ার আগে নিশ্চিত হয়ে নিন যে আপনার নিম্নলিখিতগুলো প্রস্তুত রয়েছে:**



**আপনার Trurapi® SoloSTAR® পেন**



**একটি নতুন জীবাণুমুক্ত সুঁচ ***



**ব্যবহৃত সুঁচ এবং পেনের জন্য* ফুটো-হয়না এমন একটি কন্টেইনার**

*অনুগ্রহ করে লক্ষ্য করুন যে এই আইটেমগুলো আপনার Trurapi® SoloSTAR® পেনের সাথে দেয়া হয় না।

! **অনুগ্রহ করে সুঁচ নিয়ে সাবধানে কাজ করুন।**

## আপনার পেন ব্যবহার করার আগে করনীয় ও বর্জনীয় বিষয়সমূহ

- ✓ সর্বদা আপনার হাত আগেই ধুয়ে ফেলুন
- ✓ পেন সর্বদা প্যাকের গায়ের লিখে দেয়া তারিখের মধ্যে ব্যবহার করুন
- ✓ সর্বদা লেবেল পরীক্ষা করুন
- ✓ ইনজেক্ট করার পূর্বে সর্বদা নিরাপত্তা যাচাই করে নিন
- ✓ ইঞ্জেকশন দেয়ার স্থান পরিষ্কার করুন
- ✗ পেন ক্ষতিগ্রস্থ হলে বা সঠিকভাবে কাজ না করলে কখনই ব্যবহার করবেন না
- ✗ পেন কখনই শেয়ার করবেন না

# আপনার Trurapi® SoloSTAR® পেন কিভাবে ব্যবহার করবেন

**এই 6টি ধাপ অনুসরণ করুন**

! নতুন কোনো পেন ব্যবহার করার ক্ষেত্রে ব্যবহারের কমপক্ষে এক ঘন্টা আগে এটিকে ফ্রিজ থেকে বের করতে ভুলবেন না।

## পদক্ষেপ 1 আপনার পেন পরীক্ষা করুন


! এটি বিশেষত গুরুত্বপূর্ণ যদি আপনার অন্য কোনো ইনজেক্টর পেন থাকে।





**a** **আপনার পেনের লেবেলে নাম এবং মেয়াদ শেষ হওয়ার তারিখটি পরীক্ষা করুন**

✓ আপনার সঠিক ইনসুলিন রয়েছে তা নিশ্চিত করুন

✗ মেয়াদ শেষ হওয়ার পরে কখনও আপনার পেন ব্যবহার করবেন না





**b** ক্যাপ খুলুন


**c** ইনসুলিন পরিষ্কার আছে তা পরীক্ষা করে দেখুন

✗ ইনসুলিন যদি ঘোলা, রঙিন বা কণাযুক্ত দেখায় তাহলে পেনটি ব্যবহার করবেন না


পদক্ষেপ 2

# একটি নতুন সুঁচ সংযুক্ত করুন

! অনুগ্রহ করে সুঁচ নিয়ে সাবধানে কাজ করুন - এটি সুঁচয়ের আঘাত এবং ক্রস-ইনফেকশন রোধ করার জন্য




**a** একটি নতুন সুঁচ নিন এবং সুরক্ষা সিলটি খুলে ফেলুন




**b** সুঁচটি সোজা রাখুন এবং আটকানো পর্যন্ত এটি পেন এ ঘোরাতে থাকুন

✗ অতিরিক্ত টাইট করবেন না



**c** সুঁচের বাইরের ক্যাপটি খুলুন পরবর্তীতে ব্যবহারের জন্য এটি রেখে দিন



**d** সুঁচের ভিতরের ক্যাপটি খুলুন এবং ফেলে দিন


✓ প্রতিটি ইঞ্জেকশনের জন্য সর্বদা একটি নতুন জীবাণুমুক্ত সুঁচ ব্যবহার করুন। এটি প্রতিবন্ধক থাক সুঁচ, দূষণ এবং সংক্রমণ বন্ধ করতে সহায়তা করে


✓ শুধুমাত্র Trurapi® এর সাথে সামঞ্জস্যপূর্ণ সুঁচ ব্যবহার করুন

পদক্ষেপ 3

# সুরক্ষা পরীক্ষা করুন

! আপনার পেন ও সুঁচ সঠিকভাবে কাজ করছে এবং ইনসুলিন ডোজ সঠিক রয়েছে তা নিশ্চিত করতে প্রতিবার ইঞ্জেকশনের আগে সর্বদা সুরক্ষা পরীক্ষা করুন।



**a** ডোজ ইন্ডিকেটরটি 2 মার্কে আসা না পর্যন্ত ডোজ সিলেক্টরটিকে ঘুরিয়ে 2 ইউনিট নির্বাচন করুন

**b** ইঞ্জেকশন বোতামটি সম্পূর্ণ চাপুন

✓ সুঁচের ডগা দিয়ে যদি ইনসুলিন বের হয় তারমানে আপনার পেন যথাযথভাবে কাজ করছে

✗ আপনার পেন থেকে ইনসুলিন অপসারণ করতে কখনও সিরিঞ্জ ব্যবহার করবেন না

কোনো ইনসুলিন না আসলে তিনবার পর্যন্ত সুরক্ষা পরীক্ষাটি পুনরাবৃত্তি করুন


! তৃতীয়বারের পরেও যদি কোনো ইনসুলিন না আসে তাহলে সুঁচ পরিবর্তন করুন এবং পরীক্ষার পুনরাবৃত্তি করুন

! আরও পরীক্ষার পরেও যদি কোনো ইনসুলিন সুঁচের ডগা থেকে বের না হয় তবে পেনটি ব্যবহার করবেন না। একটি নতুন পেন ব্যবহার করুন

! আপনি যদি বাতাসের বুদবুদ দেখেন তাহলে উদ্বিগ্ন হবেন না কারণ এটি স্বাভাবিক এবং আপনার কোনো ক্ষতি করবে না

পদক্ষেপ 4


# সঠিক ডোজ নির্বাচন করুন




a

**নিশ্চিত করুন যে সুঁচ সংযুক্ত রয়েছে এবং ডোজটি "0" তে সেট করা আছে**

✗ সুঁচ সংযুক্ত না করে কখনই কোনো ডোজ নির্বাচন করবেন না বা ইঞ্জেকশন বোতাম চাপবেন না। এতে আপনার পেন ক্ষতিগ্রস্ত হতে পারে




b

**আপনার ডোজের সাথে ডোজ ইন্ডিকেটর এক লাইনে না আসা পর্যন্ত ডোজ সিলেক্টরটিকে ঘুরান**


! আপনার ডোজকে ছাড়িয়ে গেলে আপনি পুনরায় পিছিয়ে আনতে পারবেন


! পেন এ থাকা ইউনিটগুলোর সংখ্যায় পৌঁছে গেলে ডোজ সিলেক্টরটি থামবে

! আপনার জন্য নির্ধারিত ডোজ যদি নির্বাচন করতে না পারেন তাহলে ডোজকে দুটি ইঞ্জেকশনে ভাগ করুন অথবা একটি নতুন Trurapi® SoloSTAR® পেন ব্যবহার করুন

পদক্ষেপে 5

## আপনার ডোজ ইনজেক্ট করুন



**a** ইঞ্জেকশন দেয়ার একটি স্থান নির্বাচন করুন (সম্ভাব্য সাইটের জন্য পরবর্তী সেকশন দেখুন)


**b** আপনার ডাক্তার, ফার্মাসিস্ট বা নার্স যেভাবে দেখায় সেভাবে আপনার ত্বকে সুঁচটি প্রবেশ করান

✗ ইঞ্জেকশন বোতামটি এখনই স্পর্শ করবেন না

**c** আপনার বুড়ো আঙুল ইঞ্জেকশন বোতামে রাখুন। যতটুকু যায় ততটুকু চাপুন এবং ধরে রাখুন

✗ চাপ দিতে যদি কঠিন মনে হয় তাহলে ইঞ্জেকশন বোতাম চাপবেন না। এতে আপনার পেন ভেঙে যেতে পারে

✗ কৌণিকভাবে চাপবেন না কারণ এতে করে আপনার আঙুল ডোজ সিলেক্টরটির ঘোরা বন্দ করে দিতে পারে




**d** ইঞ্জেকশন বোতামটি চেপে ধরে রাখুন। ডোজ দেখার উইন্ডোতে যখন "0" দেখবেন তখন ধীরে ধীরে 1 থেকে 10 পর্যন্ত গুনুন। এতে সম্পূর্ণ ডোজ পাওয়া নিশ্চিত হবে


**e** ধরে রেখে ধীরে ধীরে 10 পর্যন্ত্র গণনা শেষ হলে, ইঞ্জেকশন বোতাম ছেড়ে দিন। ইঞ্জেকশন দেয়ার স্থান থেকে এরপরে পেনটি সরিয়ে নিন

**ইঞ্জেকশন বোতামটি চাপ দিলে যদি শক্ত মনে হয় তাহলে জোর করবেন না কারণ এতে আপনার পেন ভেঙে যেতে পারে:**

1. সুঁচ পরিবর্তন করে একটি সুরক্ষা পরীক্ষা করুন
2. এরপরেও যদি চাপ দিতে অসুবিধা হয় তাহলে একটি নতুন কলম ব্যবহার করুন
3. আপনার পেন থেকে কখনই সিরিঞ্জ দিয়ে ইনসুলিন সরানোর চেষ্টা করবেন না

# কোথায় ইনজেক্ট করবেন


Trurapi® আপনি আপনার শরীরের চার স্থানে যেকোনো একতি স্থানে ইনজেক্ট করতে পারেন




## ইনজেক্ট করার পরামর্শ




ত্বকের নীচে পিন্ডের মতো ত্বক সংশ্লিষ্ট পরিবর্তন রোধ করতে ইঞ্জেকশন দেয়ার স্থান ঘোরানো উচিত। পিন্ড রয়েছে এমন স্থানে ইনজেক্ট করলে ইনসুলিন কাজ নাও করতে পারে। আপনি যদি বর্তমানে কোনো পিন্ড রয়েছে এমন স্থানে ইঞ্জেকশন দেন তাহলে অন্য কোনো স্থানে ইঞ্জেকশন দেয়া শুরু করার আগে আপনার ডাক্তারের সাথে যোগাযোগ করুন। আপনার ডাক্তার আপনাকে আপনার রক্তে সুগার আরও নিবিড়ভাবে পরীক্ষা করতে এবং আপনার ইনসুলিন বা ডায়াবেটিসবিরোধী অন্যান্য ওষুধের পরিমাণ সামঞ্জস্য করতে বলতে পারেন।



ত্বকে চিমটি কাটবেন না



ইঞ্জেকশন দেয়ার পরে সেই স্থানে ঘষাঘষি করবেন না


পদক্ষেপ 6

# সুঁচ সরিয়ে নিন


! অনুগ্রহ করে সুঁচ নিয়ে সাবধানে কাজ করুন - এটি সুঁচয়ের আঘাত এবং ক্রস-ইনফেকশন রোধ করার জন্য এছাড়াও, কখনই সুঁচের ভিতরের ক্যাপ আবার বসাবেন না।

**a** **সুঁচের বাইরের ক্যাপটি সুঁচয়ের উপরে রাখুন এবং পেন থেকে সুঁচটি খুলতে এটি ব্যবহার করুন**

- ! সুঁচ থেকে দুর্ঘটনাজনিত আঘাতের ঝুঁকি হ্রাস করতে সুঁচের ভিতরের ক্যাপটি কখনও পুনরায় স্থাপন করবেন না
- ! আপনাকে যদি অন্য কেউ ইঞ্জেকশন দেয় বা আপনি যদি অন্য কাউকে ইঞ্জেকশন দেন তাহলে সুঁচ অপসারণ ও ফেলার সময় বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে
- ! সুঁচের দুর্ঘটনাজনিত আঘাত এবং সংক্রামক রোগের সংক্রমণের ঝুঁকি হ্রাস করার জন্য সুঁচ অপসারণ এবং ফেলে দেয়ার জন্য প্রস্তাবিত সুরক্ষা ব্যবস্থাগুলো অনুসরণ করুন (আপনার ডাক্তার, ফার্মাসিস্ট বা নার্সের সাথে যোগাযোগ করুন)



**b** **ব্যবহৃত সুঁচ একটি ফুটো-হয় না এমন কন্টেইনারে বা আপনার ফার্মাসিস্ট বা স্থানীয় কর্তৃপক্ষের বক্তব্য অনুসরণ করে ফেলে দিন**



**c** **পেনের ক্যাপ পুনরায় বসান**

✗ পেনটিকে আবার ফ্রিজে ঢোকাবেন না

! **আপনার পেন থেকে কখনই সিরিঞ্জ দিয়ে ইনসুলিন সরানোর চেষ্টা করবেন না**

# আপনার Trurapi® SoloSTAR® পেন সংরক্ষণ

আপনার Trurapi® SoloSTAR® পেন ব্যবহারের পূর্বে আপনি নিম্নে দেয়া তথ্য পাঠ করেছেন এবং বুঝতে পেরেছেন তা নিশ্চিত করুন।

## আপনার পেন সংরক্ষণ

1. খোলা হয়নি এমন সকল পেন ফ্রিজে রাখুন (ফ্রিজার নয়)। তাপমাত্রা 2°C এবং 8°C এর মধ্যে হতে হবে
2. নতুন পেন ব্যবহার করার আগে এটিকে প্রথম ব্যবহারের এক ঘন্টা আগে ফ্রিজের বাইরে রাখুন
3. আপনার প্রথম ইঞ্জেকশনের পরে, 30°C এর নীচের তাপমাত্রায় আপনার পেনটি রাখুন (কখনই আপনার পেন আর ফ্রিজে রাখবেন না)। কখনই আপনার পেনকে সরাসরি তাপ বা আলোর মুখে রাখবেন না
4. একবার খোলা হয়ে গেলে একটি পেন সর্বোচ্চ 4 সপ্তাহ ব্যবহার করা যায়
5. **প্রতিটি ইঞ্জেকশনের জন্য সর্বদা একটি নতুন জীবাণুমুক্ত সুঁচ ব্যবহার করুন**
6. **ব্যবহৃত সুঁচ কখনই পুনরায় ব্যবহার করবেন না।** যদি করেন তাহলে আপনার ডোজ নাও পেতে পারেন (পরিমাণে কম ডোজ) বা অতিরিক্ত পরিমাণে পেতে পারেন (পরিমাণে অতিরিক্ত ডোজ) কারণ সুঁচয়ে প্রতিবন্ধকতা হতে পারে
7. **সুঁচ সংযুক্ত থাকা অবস্থায় কখনই আপনার পেন রাখবেন না**

# আপনার Trurapi® SoloSTAR® পেনের যত্ন




## কিভাবে আপনার পেনের যত্ন নিবেন

- আপনি Trurapi® SoloSTAR® পেনকে কোনো ভেজা কাপর দিয়ে পরিষ্কার করতে পারেন তবে আপনার পেনকে কখনো ভেজাবেন না বা জল/পানি দিয়ে ধোবেন না
- আপনার পেন ব্যবহার করা কষ্টকর হলে ঠিক করার চেষ্টা করবেন না, একটি নতুন পেন ব্যবহার করুন
- আপনি Trurapi® SoloSTAR® পেন আপনার সাথে সব সময় বহন করতে পারবেন। আপনার পেনকে ভালো রাখার জন্য যা যা করতে পারেন:
  - শক্ত তলে পেনকে না ফেলে বা টোকা না লাগিয়ে
  - এটিকে ধুলো এবং ময়লা থেকে রক্ষা করে
- আপনার বর্তমানটি হারিয়ে গেলে বা কাজ না করলে এমন পরিস্থিতির জন্য অতিরিক্ত পেন এবং অতিরিক্ত সুঁচ বহন করুন

## খালি বা মেয়াদ উত্তীর্ণ হয়ে গেলে আপনার পেন ফেলে দেয়া

সক্রিয় করার পরে আপনার Trurapi® SoloSTAR® পেন 4 সপ্তাহ পর্যন্ত রাখতে পারবেন। এই সময়ের পরে এটিকে অবশ্যই ফেলে দিতে হবে এমনকি যদি এর মধ্যে ঔষধ বাকি থাকে তবুও। আপনার ডাক্তার বা নার্সের পরামর্শ অনুসারে পেনের ক্যাপটি বদলান এবং পেনটি ফেলে দিন।[2]

আপনি পেনটিকে খালি বলতে পারেন যখন ডোজ ইন্ডিকেটর ডোজ স্কেলের ‘0’ এ পৌঁছে যায় এবং ইঞ্জেকশন বোতামটিকে আর বের করা যায় না।

# Trurapi® সম্পর্কিত প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

### পেন কন্টেইনারে যদি বাতাসের বুদবুদ থাকে তাহলে আমি কী করবো?

পেনের কন্টেইনারে কিছু বুদবুদ থাকা স্বাভাবিক এবং এগুলো আপনার কোনো ক্ষতি করবে না। আপনার ডোজ সঠিকই থাকবে এবং নির্দেশনা অনুযায়ী আপনি পেনটি ব্যবহার করতে পারবেন।

### সক্রিয় করার সময় যদি ইনসুলিন বের না হয় তাহলে কী হবে?

সুঁচটিতে কোনো প্রতিবন্ধকতা থাকতে পারে বা এটি যথাযথভাবে আটকানো না থাকতে পারে। সুঁচ সরিয়ে নতুন একটি সংযুক্ত করুন সুঁচের ডগা থেকে যদি এরপরেও ইনসুলিন বের হয় না হয়। তাহলে নতুন একটি পেন ব্যবহার করুন।

### পুরোপুরি ইঞ্জেকশন বোতাম চাপা যদি শক্ত হয় তাহলে আমি কী করবো?

সুঁচ খুলে এটি সঠিকভাবে আটকানো হয়েছে কিনা তা পরীক্ষা করুন।
এরপরেও যদি ইঞ্জেকশন বোতামটি চাপতে অসুবিধা হয় তাহলে সুঁচটিতে প্রতিবন্ধকতা থাকতে পারে, তাই এটি সরিয়ে ফেলুন এবং নতুন একটি সংযুক্ত করুন। এরপরেও যদি ইনসুলিন বের না হয় তাহলে আপনার Trurapi® SoloSTAR® পেন সম্ভবত ক্ষতিগ্রস্ত হয়েছে, সুতরাং পেনটি আর ব্যবহার করবেন না।

### আমার Trurapi® SoloSTAR® পেন সক্রিয় হবার আগেই যদি আমি আমাকে ইনজেক্ট করে ফেলি তাহলে কী হবে?

নিজেকে দ্বিতীয় ইঞ্জেকশন দিয়ে এটিকে সংশোধন করার চেষ্টা করবেন না। আপনার রক্তের সুগার কিভাবে পরীক্ষা করতে হয় সে সম্পর্কে পরামর্শের জন্য আপনার ডাক্তার বা নার্সের সাথে যোগাযোগ করুন।

### প্রতিটি ইঞ্জেকশনের পরে কি আমাকে আমার সুঁচ পরিবর্তন করতে হবে?

হ্যাঁ - কখনও একবারের বেশি সুঁচ ব্যবহার করবেন না। এটি ইঞ্জেকশন দেয়ার স্থানকে সংক্রমণ থেকে রক্ষা করতে এবং সুঁচয়ে প্রতিবন্ধকতা সৃষ্টি হওয়া থেকে বিরত রাখতে সহায়তা করবে।

### আমি যদি Trurapi® সাথে একই সময়ে অন্য কোনো ঔষধ নেই )বা নেয়ার ইচ্ছা করি) তাহলে কী হবে?

আপনি যদি গ্রহণ করছেন, সম্প্রতি গ্রহণ করেছেন বা অন্য কোনো ওষুধ সেবন করতে পারেন তাহলে সে বিষয়ে আপনার ডাক্তার, ফার্মাসিস্ট বা নার্সকে বলতে হবে কারণ কিছু ওষুধের প্রভাব Trurapi® দ্বারা প্রভাবিত হতে পারে। এটি এড়াতে আপনার অন্যান্য ওষুধ খাওয়ার সময় পরিবর্তন করার প্রয়োজন হতে পারে।

আপনার যদি প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলীর যেকোনো সম্পর্কে সংশয়ে থাকেন তাহলে অনুগ্রহ করে আপনার ডাক্তার বা নার্সের সাথে কথা বলুন বা কল করুন:

সানোফি মেডিকেল তথ্য **08000 35 25 25।**




## মনে রাখবেন

- ✔ আপনার বর্তমানটি হারিয়ে গেলে বা কাজ না করলে এমন পরিস্থিতির জন্য অতিরিক্ত পেন এবং অতিরিক্ত সুঁচ বহন করুন
- ✔ প্রতিটি ইঞ্জেকশনের জন্য সর্বদা একটি নতুন জীবাণুমুক্ত সুঁচ ব্যবহার করুন
- ✗ ফ্রিজ থেকে বের করেই ইঞ্জেকশন দিবেন না কারণ এতে আপনার ইঞ্জেকশনে অস্বস্তিকর লাগবে পারে – অন্তত এক ঘন্টা অপেক্ষা করুন
- ✗ আপনার পেন অন্য কারও সাথে শেয়ার করবেন না – আপনার Trurapi® শুধুমাত্র আপনার জন্য
- ✗ আপনার পেন থেকে কখনই সিরিঞ্জ দিয়ে ইনসুলিন সরানোর চেষ্টা করবেন না

সম্পূর্ণ সুরক্ষা তথ্য এবং ব্যবহারের নির্দেশাবলীর জন্য অনুগ্রহ করে আপনার Trurapi® SoloSTAR® প্যাকে 'ব্যবহারের নির্দেশাবলী' লিফলেটটি পড়ুন।

**পার্শ্ব প্রতিক্রিয়ার প্রতিবেদন:** কোনো পার্শ্ব প্রতিক্রিয়া হলে আপনার ডাক্তার, ফার্মাসিস্ট বা নার্সের সাথে কথা বলুন। এর মধ্যে প্যাকেজ লিফলেটে তালিকাভুক্ত নয় এমন যেকোনো সম্ভাব্য পার্শ্ব প্রতিক্রিয়া অন্তর্ভুক্ত। এই ওষুধটি আরও অতিরিক্ত পর্যবেক্ষণের আওতাধীন। এটি নতুন সুরক্ষা তথ্যের দ্রুত শনাক্তকরণের সুযোগ দিবে। **আপনি www.yellowcard.mhra.gov.uk-তে** সরাসরি Yellow Card Scheme এর মাধ্যমে **পার্শ্ব প্রতিক্রিয়া রিপোর্ট করতে পারেন।**

পার্শ্ব প্রতিক্রিয়া Sanofi-কেও জানাতে হবে। টেলি **0800 090 2314** বা ইমেইল করুন **UK-drugsafety@sanofi.com**-তে

পার্শ্ব প্রতিক্রিয়া রিপোর্ট করে আপনি এই ওষুধের সুরক্ষা সম্পর্কে আরও তথ্য সরবরাহ করতে সহায়তা করতে পারেন।

▼ এই ওষুধটি আরও অতিরিক্ত পর্যবেক্ষণের আওতাধীন। এটি নতুন সুরক্ষা তথ্যের দ্রুত শনাক্তকরণের সুযোগ দিবে।

সানোফি মেডিকেল তথ্য: 08000 35 25 25 Sanofi, 410 Thames Valley Park Drive, Reading, Berkshire, RG6 1PT

প্রস্তুতের তারিখ: ডিসেম্বর 2021 | MAT-GB-2103299(v1.0)